

বাংলাদেশে গমের পাতার মরিচা রোগ/ব্লাস্ট রোগের পরামর্শ ২১-২৭ ফেব্রুয়ারি ২০২৫

সতর্কবার্তা: ০৩

মূলবার্তা

বাংলাদেশের রাজশাহী, রংপুর এবং বরিশাল বিভাগের কিছু কিছু অঞ্চলে গমের মরিচা রোগের উপস্থিতি পরিলক্ষিত হয়েছে। বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের প্রধান প্রধান গম উৎপাদন অঞ্চলে গমের মরিচা রোগ এবং গমের ব্লাস্ট রোগ সংক্রমণের অনুকূল পরিবেশ বিরাজ করছে।

পরামর্শ

বর্তমান আবহাওয়ার প্রেক্ষিতে বাংলাদেশের দক্ষিণাঞ্চলে গমের মরিচা রোগ এবং ব্লাস্ট রোগের সংক্রমণের বিস্তারের অনুকূল পরিবেশ বিরাজ করছে। দেশের কিছু কিছু এলাকায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে যা কিনা গমের ব্লাস্ট রোগের সংক্রমণের মাত্রা বাড়াতে পারে। দেশের দক্ষিণাঞ্চলের কৃষকদের গমের ব্লাস্ট রোগের সংক্রমণের নিয়ন্ত্রণে বিশেষ সতর্ক থাকতে হবে।

সুপারিশ

কৃষকের মাঠে গমের মরিচা এবং ব্লাস্ট রোগ পরিলক্ষিত হলে প্রতিরোধক ব্যবস্থা হিসেবে কার্যকরি ছত্রাকনাশক অনুমোদিত মাত্রায় প্রয়োগ করতে হবে। প্রয়োজনীয় পরামর্শের জন্য নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা অথবা উপজেলা কৃষি অফিস অথবা বিডার্লিউএমআরআই এর অফিসে যোগাযোগ করুন।